ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৩৪১
করবুক,২১ জুন,২০২৫

**করবুকে আন্তর্জাতিক যোগা দিবস**

করবুক মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে এবং করবুক মহকুমা প্রশাসন ও করবুক আর.ডি. ব্লকের সহযোগিতায় আজ করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের অডিটোরিয়ামে মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে করবুক মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া যোগা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে তাছাড়া উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমণি ত্রিপুরা, এডিসির বিদ্যালয় পরিদর্শক বিক্রম কিশোর জমাতিয়া, করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল কার্তিক দেববর্মা, সমাজসেবী সুশীল রিয়াং প্রমুখ। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রছাত্রী, সরকারি কর্মচারী সহ অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ যোগব্যায়ামে অংশগ্রহণ করেন।

*****